দৈনিক
ইত্তেফাক

তারিখ . 08 . APR . 2015.
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১



উল্লাপাড়া: উল্লাপাড়া বিজ্ঞান কলেজ কেন্দ্রে এভাবেই পা দিয়ে লিখে এইচএসসি পরীক্ষা দিচ্ছে সোনিয়া -ইত্তেফাক

# উল্লাপাড়ায় পায়ে লিখে পরীক্ষা দিচ্ছে সোনিয়া

■ উল্লাপাড়া (সিরাজগঞ্জ) সংবাদদাতা

উল্লাপাড়া বিজ্ঞান কলেজ কেন্দ্রে পা দিয়ে লিখে এইচএসসি পরীক্ষা দিচ্ছে সোনিয়া খাতুন। শারীরিক প্রতিবন্ধী সোনিয়া উল্লাপাড়া সরকারি আকবর আলী কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্রী। সিরাজগঞ্জের বেলকুচি উপজেলার এনায়েতপুর গ্রামের ব্যবসায়ী ছানোয়ার হোসেনের মেয়ে সোনিয়ার ডান হাতের কনুই থেকে নিচের অংশ নেই এবং বাম হাতের কনুইয়ের নিচের অংশ সরু এবং তাতে মাত্র দুটি আঙ্গুল রয়েছে।

দুই হাতই তার অকার্যকর। সে ২০১৩ সালে এনায়েতপুর ইসলামি উচ্চ বিদ্যালয় থেকে পা দিয়ে লিখে বিজ্ঞান বিভাগে ৪.৭৫ জিপিএ পেয়ে এসএসসি পাস করেছে। সোনিয়া জানায়, বুদ্ধি হওয়ার পর থেকেই সে পা দিয়ে লেখার অভ্যাস করতে থাকে। এখন আর তার তেমন অসুবিধা হয় না। সোনিয়া উচ্চ শিক্ষার স্বপ্ন লালন করে। ভবিষ্যতে সে স্কুল শিক্ষক হতে চায়।